



পত্র নং- বাঃ স্কাঃ (প্রশাঃ৫৯৫)/৭৯৯(৯০)/২০১৯

তারিখ : ০৩ আশ্বিন ১৪২৬  
১৮ সেপ্টেম্বর ২০১৯

## নিয়োগপত্র

বাংলাদেশ স্কাউটস-এর স্বার্থে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯ম গ্রেড অনুসারে টাকা ২২০০০-৫৩০৬০ বেতনক্রম ও তৎসহ সংস্থা কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতায় নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে সহকারী পরিচালক (প্রকৌশল) পদে অস্থায়ী ভিত্তিতে জনাব মো: আলী হায়দার, পিতা- মোহাম্মদ হোসেন আলী, মাতা- সাবিনা বেগম, গ্রাম: খালসি দোহাকোলা, ডাকঘর: বহরমপুর-৭৪৭০, উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর-কে নিয়োগ প্রদান করা হলো।

তাকে আগামী ১৪ অক্টোবর ২০১৯, সোমবার পূর্বাহ্নে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকায় যোগদান করতে হবে। যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

### নিয়োগ শর্তাবলী :

- ১। নির্ধারিত তারিখ ও সময়ে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- ২। যোগদানপত্রের সাথে সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি জমা দিতে হবে;
- ৩। চাকরীতে যোগদানের সময় শারীরিক ও মানসিক সুস্থতা সম্পর্কে সিভিল সার্জন, ঢাকা-এর নিকট থেকে মেডিকেল সার্টিফিকেট দাখিল করতে হবে;
- ৪। বাংলাদেশ স্কাউটস-এর “চাকুরী বিধি” সম্পূর্ণভাবে মেনে চলতে বাধ্য থাকবেন মর্মে যোগদান পত্রে উল্লেখ করতে হবে;
- ৫। বাংলাদেশ স্কাউটস-এর নিয়মানুযায়ী যথাযথ স্কাউট পোশাক পরিধান ও সকল কার্যক্রমে অংশগ্রহণ বাধ্যতামূলক। স্কাউট প্রতিজ্ঞা ও আইন ব্যক্তিগত জীবনে প্রতিফলন ঘটাতে হবে। এর ব্যত্যয় হলে কর্তৃপক্ষ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে;
- ৬। নিয়মিত প্রশিক্ষণ গ্রহণের পর তাঁকে দেশের যে কোনো জেলায় পদায়ন করা হবে;
- ৭। অতীত কার্যকলাপ সম্পর্কে পুলিশ বিভাগের মতামত গ্রহণ করা হবে;
- ৮। ০১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরীতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই চাকরী হতে অপসারণ করা যাবে;
- ৯। প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে চাকরীতে স্থায়ী করা হবে;
- ১০। চাকরীতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরীতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;
- ১১। তাঁর কাজের জন্য তিনি বাংলাদেশ স্কাউটস-এর নির্বাহী পরিচালক-এর নিকট দায়বদ্ধ থাকবেন।

(আরশাদুল মুকাদ্দিস)

নির্বাহী পরিচালক

বাংলাদেশ স্কাউটস

### বিতরণ : কার্যার্থে :

- ১। জনাব মো: আলী হায়দার, পিতা- মোহাম্মদ হোসেন আলী, মাতা- সাবিনা বেগম, গ্রাম: খালসি দোহাকোলা  
ডাকঘর: বহরমপুর-৭৪৭০, উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর;

### জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;

### সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ২। কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস;
- ৩। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।